

## প্রেমঃ পুনশ্চ



লেখিকাঃ সঙ্গীতা বন্দ্যোপাধ্যায়  
 যোগাযোগঃ sangeetawrites@gmail.com  
 পরিচিতিঃ আধুনিক বাংলা সাহিত্যে আলোড়ন তুলেছেন তরুণী লেখিকা সঙ্গীতা, তাঁর সাহসী, বলিষ্ঠ, ব্যতিক্রমী কলম তুলেছে বিতর্ক এবং আলোচনার ঝড়। দুর্গাপুরের মেয়ে সঙ্গীতা অতি অল্পবয়সে তাঁর মা-বাবাকে হারান; জীবনের নানা ওঠাপড়ার অভিজ্ঞতা তাঁকে দিয়েছে চারিত্রিক দৃঢ়তা, যার সাথে নিজের আবেগ ও মননকে মিশিয়ে তিনি সৃষ্টি করে চলেছেন সাহিত্য, খুঁজে বার করছেন নতুন পথের দিশা। কর্মসূত্রে বর্তমানে তিনি ‘স্টার আনন্দ’ চ্যানেলের সহকারী প্রযোজক।

নিজেকে নিয়ে আর পারিনা  
 আবার প্রেম  
 দিন দিন প্রেম  
 সহজে বাড়ছে  
 লম্বা মেল ট্রেন যেত যেমন  
 চক্রধরপুরের পাতা লাইনে  
 যেন বেশি কথা বলছে, বিবাহ করেছে আর ভেঙেছে বিবাহ  
 তবু লজ্জা কিসে হয়  
 ছেঁড়া মাদুরে বসেছে  
 তখন ফুরিয়ে আসছে বেলা  
 সমস্ত ভুল ঘটি বাসনে ঠুকে ঝন ঝন শব্দ  
 ভয় করছে  
 ভয়  
 তবু কাঁটার মত ফুটে থাক  
 প্রেম আর একটু পথ বুকে হাত রেখে হাঁটুক  
 বাহু জড়িয়ে হাঁটুক